

# ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

অপারেশন্স উইং

সাধারণ সেবা বিভাগ

প্রধান কার্যালয়, ২০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

## বার্ষিক প্রতিবেদন-২০১৭ মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য

### দরপত্র আহ্বান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর ৪৫,০০০ কপি বার্ষিক প্রতিবেদন-২০১৭ এবং ৪৪,০০০ কপি ইনভেলপ মুদ্রণ, বাঁধাই এবং সরবরাহের জন্য প্রতিষ্ঠিত মুদ্রণকারী প্রতিষ্ঠানসমূহের (যাদের ঢাকাতে নিজস্ব উন্নত মানের আধুনিক প্রেস ও স্থাপনা রয়েছে) নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা হচ্ছে। যারা ইতোমধ্যে ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ ও সরবরাহের কাজ করেছেন, এমন অভিজ্ঞতাসম্পন্ন ও আগ্রহী প্রতিষ্ঠানসমূহই কেবল উক্ত কাজের জন্য যোগ্য বিবেচিত হবেন। কাজের বিস্তারিত বিবরণ সম্বলিত সিডিউল আগামী **১৯.০৩.২০১৮** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০ দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা-১০০০ থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদমূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত উদ্ধৃত মূল্যের ২.৫০% জামানত পে-অর্ডার আকারে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ সরবরাহকৃত সিডিউলে সরকারি ট্যাক্স, ভ্যাট ইত্যাদিসহ দর নির্ধারণপূর্বক দরপত্র আগামী **২০.০৩.২০১৮** তারিখ বেলা ৩ টার মধ্যে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০ দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা-১০০০ তে রক্ষিত বাক্সে ফেলতে হবে, যা একই দিন বেলা ৩ টা ১০ মিনিটে উপস্থিত দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত পরিদর্শন টিম প্রিন্টিং প্রেসসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের পরে যে সকল প্রেসের পরিদর্শন রিপোর্ট ও প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের অভিজ্ঞতা ব্যাংক কর্তৃপক্ষের নিকট সন্মোষণক বলে প্রতীয়মান হবে, কার্যাদেশ প্রদানের বেত্রে সে সকল প্রতিষ্ঠানকে বিবেচনা করা হবে।

যে সকল মুদ্রণকারী প্রতিষ্ঠান ইতোপূর্বে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর ক্যালেন্ডার, ডায়েরি, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহের কার্যাদেশ পাওয়ার পরে সঠিক সময়ে, কার্যাদেশের শর্ত (Specification) অনুযায়ী সন্মোষণকভাবে কাজ সম্পন্ন করতে পারেনি/ কার্যাদেশ বাতিল হয়েছে/ জরিমানা ধার্য করা হয়েছে/ কার্যাদেশ ফেরত দিয়েছেন (Surrender), সে সকল প্রতিষ্ঠান টেন্ডারে অংশগ্রহণ করে সর্বনিম্ন দরপত্রদাতা হলেও ব্যাংক কর্তৃপক্ষ তাদেরকে কার্যাদেশ প্রদানের জন্য বিবেচনা নাও করতে পারেন। উল্লেখ্য, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল কিংবা প্রয়োজনে একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করেন।

দরপত্রের বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েব সাইটেও ([www.islamibankbd.com](http://www.islamibankbd.com)) দেখা যাবে।

**সিনিয়র ভাইস প্রেসিডেন্ট**